



# হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়

অস্থায়ী ক্যাম্পাসঃ ভাদৈ, হবিগঞ্জ সৈর, হবিগঞ্জ-৩৩০০

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

<https://hau.ac.bd>

[prp@hau.ac.bd](mailto:prp@hau.ac.bd)

## শুভেচ্ছা বার্তা

বিশ্ব পরিবেশ দিবস ২০২৬ উপলক্ষে পরিবেশ অধিদপ্তর, সিলেট আয়োজিত আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে ১ম সিলেট বিভাগীয় আন্তঃবিশ্ববিদ্যালয় পরিবেশ বিতর্ক প্রতিযোগিতা ২০২৬-এ হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের বিতর্ক দল HAU দুর্নিবার চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে। দলের সদস্য তাসিন হোসেন নাবিল, মোঃ আশরাফুল ইসলাম শিমুল, প্রান্তিক সরকার ও জুবায়ের আহম্মেদের অসাধারণ যুক্তি, বিশ্লেষণ ও উপস্থাপনার মাধ্যমে এই সাফল্য অর্জিত হয়। প্রতিযোগিতায় সেরা বিতর্কিক নির্বাচিত হন দলের সদস্য প্রান্তিক সরকার। এই অর্জন হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মেধা, পরিশ্রম ও নেতৃত্বের উজ্জ্বল দৃষ্টান্ত। পরিবেশ অধিদপ্তর, সিলেট এবং সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় পরিবেশ ক্লাবের যৌথ আয়োজনে অনুষ্ঠিত পরিবেশ সম্মেলন ২০২৬-এর অংশ হিসেবে আয়োজিত এ প্রতিযোগিতায় বিভাগীয় চ্যাম্পিয়ন হওয়ার পাশাপাশি দলটি জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করে সেমিফাইনাল পর্যন্ত অগ্রসর হয়।

হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের বিতর্ক দল HAU দুর্নিবার-এর এই গৌরবময় অর্জনে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন অত্যন্ত আনন্দিত ও গর্বিত। বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে বিজয়ী দলের সকল সদস্যকে জানানো হচ্ছে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা। তাঁদের এই অসাধারণ সাফল্য ভবিষ্যতে আরও বড় অর্জনের অনুপ্রেরণা হয়ে উঠবে—এই প্রত্যাশায় দলটির উত্তরোত্তর সাফল্য, সমৃদ্ধি ও উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করা হচ্ছে।